



আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ২৪ শ্রাবণ ১৪২৬
০৮ আগস্ট ২০১৯

বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাপ্তাহিক ছুটি ও পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে আগামী ০৯ আগস্ট ২০১৯ হতে ১৩ আগস্ট ২০১৯ তারিখ পর্যন্ত আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর সকল অফিস বন্ধ থাকবে।

০২। এতদপ্রেক্ষিতে, ছুটিতে গমনের পূর্বে কোম্পানির সকল পর্যায়ের কর্মচারীগণকে নিম্নোক্ত বিষয়সমূহ পরিপালনের জন্য পরামর্শ প্রদান করা হলঃ

- ক) বৈদ্যুতিক শর্ট সার্কিটজনিত দুর্ঘটনা এড়ানোর জন্য নিজ আসন ত্যাগ করার পূর্বে সকল ধরণের বৈদ্যুতিক সামগ্রী এর সুইচ বন্ধ করা;
- খ) দরজা/জানালা বন্ধ করা;
- গ) ব্যক্তিগত ড্রয়ার এর তালা/লক লাগানো হয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হওয়া;
- ঘ) যে সকল আলমিরা/লকার এ গুরুত্বপূর্ণ/গোপনীয় ফাইলপত্র সংরক্ষিত থাকে তা যথাযথভাবে বন্ধ করা;
- ঙ) পানির কল যথাযথভাবে বন্ধ করা।
- চ) কোম্পানির প্রধান কার্যালয়ের প্রতিটি ফ্লোরে এবং শাখা কার্যালয়সমূহে সিকিউরিটি গার্ডের দায়িত্ব অর্পণ ও অবস্থানের বিষয়ে সুনিশ্চিত হওয়া এবং সিকিউরিটি গার্ড ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত ডিপার্টমেন্ট কর্তৃক সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখা।

০৩। ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা/ইউনিট প্রধানগণকে আলোচ্য বিষয়ে বিশেষভাবে তদারকির জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হল।


(মোঃ মাহমুদুল হক)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণঃ

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিন) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশন) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, (অপারেশনস্ ডিভিশন ও আইসিটি ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. আইএসটিসিএল এর সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/শাখা।
০৬. অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

০১. ডিপার্টমেন্ট প্রধান, সফটওয়্যার ডিপার্টমেন্ট, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।